দৈনিক ইনকিলাব

তারিখ 06 MAR 1992
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩ ...

# এইচএসসি পরীক্ষা পেছানোর দাবীতে ছাত্রদের অবরোধ

॥ স্টাফ রিপোর্টার ॥

চলতি বছরের অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষা পিছিয়ে দেয়ার দাবীতে গতকাল ছাত্ররা রাস্তায় বসে পড়লে রাজধানীতে অসহনীয় যানজট সৃষ্টি হয়। দীর্ঘ ৪ ঘন্টা যানজটের কবলে পড়ে নগরবাসীকে চরম দুর্ভোগ পোহাতে হয়েছে। অনেক রাস্তায় যানবাহন চলাচল বন্ধ হয়ে পড়ে।

উচ্চ মাধ্যমিক ছাত্র আন্দোলন পরিষদের আহ্বানে রাজধানীর বিভিন্ন কলেজের ছাত্ররা সকাল ১১টায় কলেজ থেকে বের হয়ে রাস্তায় আসে। ঢাকা কলেজ, সিটি কলেজ, নিউ মডেল ডিগ্রী কলেজ এবং আইডিয়াল কলেজের প্রায় ৮শ' ছাত্র মীরপুর রোডে বসে পড়ে। এতে নীলক্ষেত থেকে কলাবাগান পর্যন্ত যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়। তেজগাঁও, তিতুমীর, সোহরাওয়ার্দী, মীরপুর ও সরকারী বিজ্ঞান কলেজের সহস্রাধিক ছাত্র ফার্মগেট ওভার ব্রিজের নীচে বসে পড়ে। পুলিশ এসে লাঠিচার্জ করে ছাত্রদের সরিয়ে দেয়ার চেষ্টা করলে উত্তেজনা দেখা দেয়। এ সময় পুলিশ ২ জন ছাত্রকে ধরে নিয়ে যায়। ছাত্ররা ইন্দিরা রোডের মুখে অবস্থান নিলে গোটা ফার্মগেট এলাকায় মারাত্মক যানজট হয়।

ছাত্ররা এক পর্যায়ে মিছিল নিয়ে মিরপুর রোড প্রদক্ষিণ করে। সাইন্স ল্যাবরেটরী থেকে বাটা ক্রসিং, গ্রীণ রোড, ধানমন্ডি ২ নম্বর রোড, আজিমপুর রোড এবং নীলক্ষেত মোড় থেকে কলাবাগান পর্যন্ত রাস্তা যানবাহন শূন্য হয়ে পড়ে। ছাত্ররা রাস্তায় অবস্থান নিয়ে পরীক্ষা পিছানোর দাবীতে স্লোগান দেয়। একই সময় অপর একদল ছাত্র ময়মনসিংহ রোডে অবস্থান নেয়।

ছাত্ররা রাস্তায় অবস্থান নেয়ার কারণে রাজধানীর সর্বত্র ব্যাপক যানজট দেখা দেয়। লোকজন ঘন্টার পর ঘন্টা রাস্তায় আটকা পড়ে থাকে। বিকেল ৩টা পর্যন্ত এই অবস্থা বিরাজ করে। বিকেল ৩টার পর শিক্ষা মন্ত্রী ব্যারিষ্টার জমির উদ্দিন সরকার ছাত্র আন্দোলন পরিষদের নেতৃবৃন্দের সাথে ১০ দিনের মধ্যে আলোচনা করার প্রস্তাব দিলে ছাত্ররা অবরোধ তুলে নেয়। সেই সাথে পরীক্ষা পিছানোর দাবীতে গৃহীত পরবর্তী সকল কর্মসূচী স্থগিত ঘোষণা করা হয়।